

এম.ফিল. পরীক্ষা ২০১৮

সেমেস্টার : ১

বাংলা

কোর্স-২ (ত্রিচ্ছিক)

(ধর্মীয় সামাজিক রাজনৈতিক সাংস্কৃতিক আন্দোলন ও বাংলা সাহিত্য)

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি এককের উত্তরদান আবশ্যিক

একক - ১

- ১। ক) বাংলার সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাসে চৈতন্যদেবের প্রভাব সম্পর্কে আলোচনা করুন। ১০
অথবা
খ) উনিশ শতকের সমাজ ইতিহাসের পরিপ্রেক্ষিতে ব্রাহ্ম-আন্দোলনের গুরুত্ব সম্পর্কে আলোচনা করুন। ১০
- ২। নীচের প্রশ্নগুলির উত্তর দিন : ৫×২ = ১০
ক) ব্রাহ্মসমাজ প্রথম কোন সালে বিভক্ত হয় ? এই বিভাগের ফলে উদ্ভূত নতুন গোষ্ঠীটির নাম লিখুন।
খ) দুজন উত্তর ভারতীয় ভক্তিবর্ষ প্রচারকের নাম লিখুন।
গ) তুকারাম কোন প্রদেশে আবির্ভূত হন? তাঁর আনুমানিক কালসীমা কত ?
ঘ) সাধারণ ব্রাহ্মসমাজ কোন সালে প্রতিষ্ঠিত হয় ? এই সমাজটির সবচেয়ে উল্লেখযোগ্য নেতার নাম লিখুন।
ঙ) কেশবচন্দ্র সেন সাধারণ ব্রাহ্মসমাজ আলাদা হয়ে যাবার পরে তাঁর অংশটির নতুন করে কী নামকরণ করেন এবং কবে করেন ?

একক - ২

- ৩। ক) বাংলা সাহিত্যে বিধবাবিবাহ আন্দোলন সম্পর্কে আলোচনা করুন। ১০
অথবা
খ) বাংলা সাহিত্যে বহুবিবাহ ও কৌলীন্যপ্রথা বিরোধী আন্দোলনের প্রভাব সম্পর্কে আপনার অভিমত জানান।
অথবা ১০
গ) বাংলা সাহিত্যে স্ত্রীশিক্ষা আন্দোলনের প্রভাব বিষয়ে আলোচনা করুন। ১০
- ৪। নীচের প্রশ্নগুলির উত্তর দিন : ৫×২ = ১০
ক) 'সহমরণ বিষয়' কার রচনা ? এটির প্রকাশকাল কত ?
খ) 'বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব' কার রচনা ? এটির প্রকাশকাল কত ?
গ) উমেশচন্দ্র মিত্রের বিধবাবিবাহ বিষয়ক নাটকটির নাম কী এবং এটি কবে প্রকাশিত হয় ?
ঘ) রামনারায়ণ তর্করত্নের কৌলীন্যপ্রথা বিষয়ক নাটকের নাম কী? এটি কবে রচিত হয় ?
ঙ) বাংলা ভাষায় স্ত্রীশিক্ষাকে সাহিত্যক্ষেত্রে সমর্থনের প্রথম কৃতিত্ব কার ? তিনি কার আনুকূল্য লাভ করেন ?

একক - ৩

- ৫। ক) বঙ্গভঙ্গ আন্দোলনের বিরোধিতায় 'মহিলা' পত্রিকার ভূমিকা আলোচনা করুন। ১০
অথবা
খ) দেবীপ্রসন্ন রায়চৌধুরীর 'নব্যভারত' পত্রিকায় বঙ্গভঙ্গ আন্দোলনের ইতিবাচক দিক উদ্ভাসিত। বিষয়টি ব্যাখ্যা করুন। ১০
অথবা
গ) বাংলাদেশে ৪২-এর আগস্ট আন্দোলনের প্রেক্ষিতে কমিউনিস্ট পার্টির ভূমিকা সংক্ষেপে আলোচনা করুন। ১০

P.T.O.

(2)

- ৬। নীচের প্রশ্নগুলির উত্তর দিন : ৫×২ = ১০
- ক) রবীন্দ্রনাথ রচিত দেশাত্মবোধক গীতিসংকলনটির নাম কী? এটি কোন সালে প্রকাশিত ?
- খ) হেমচন্দ্র ও নবীনচন্দ্রের একটি করে জাতীয়তাবাদী কাব্যের নাম লিখুন।
- গ) অবিভক্ত কমিউনিস্ট পার্টির দুজন তাত্ত্বিক লেখকের নাম লিখুন।
- ঘ) স্বাধীনতা পরবর্তী সময়ে দুটি গুরুত্বপূর্ণ কমিউনিস্ট আন্দোলনের নাম লিখুন।
- ঙ) ভারতবর্ষে কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠায় দু'জন নেতৃত্বের নাম লিখুন।
- একক - ৪
- ৭। ক) 'প্রবাসী' ও 'সবুজ পত্র' পত্রিকায় রবীন্দ্রনাথের সাহিত্যিক অবদান সম্পর্কে আলোচনা করুন। ১০
- অথবা
- খ) বাংলা উপন্যাসে দেশভাগ ও উদ্বাস্তু সমস্যা কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করুন। ১০
- অথবা
- গ) শাস্ত্রবিরোধী আন্দোলন করে কোন পত্রিকাকে কেন্দ্র করে গড়ে ওঠে ? এই আন্দোলনের সাহিত্যিক আদর্শ কী ছিল? এই আন্দোলনের গল্পের বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন। ১০
- ৮। নীচের প্রশ্নগুলির উত্তর দিন : ৫×২ = ১০
- ক) 'সবুজ পত্র' ও 'নারায়ণ' পত্রিকার প্রথম প্রকাশ কাল কত ?
- খ) 'ছোটগল্প:নতুন রীতি' কার নেতৃত্বে কোন সময়ে গড়ে ওঠে ?
- গ) 'নবপর্যায় বঙ্গদর্শন' রবীন্দ্রনাথ কোন সাল পর্যন্ত সম্পাদনা করেন ?
- ঘ) 'গণনায়ক' এবং 'জটায়ু' গল্পের লেখকের নাম লিখুন।
- ঙ) 'বঙ্গ' গল্পটি কার লেখা ? এই গল্পের কোন সময়ের প্রতিফলন ঘটেছে ?
-